

তারিখ: ৯.০৯.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

জনগণের সেবায় ভূমিকা রাখতে হবে ব্যবসায়ীদের : মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, জনগণের সেবায় ভূমিকা রাখতে হবে ব্যবসায়ীদের। ব্যবসা এমন একটি ক্ষেত্র যেখানে দীর্ঘমেয়াদি শ্রম, ত্যাগ ও ধৈর্যের প্রয়োজন হয়। কেবল সাময়িক সাফল্য বা মন্দার কারণে ব্যবসা থেকে মুখ ফিরিয়ে নিলে তা টিকিয়ে রাখা সম্ভব নয়। মঞ্জলবার নগরীর মিমি সুপার মার্কেটের ৪ (চার) দশক পূর্তি উপলক্ষে শারদীয় উৎসব-২০২৫ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মেয়র বলেন, ব্যবসায়ী সমাজ সবসময়ই সমাজের প্রয়োজনে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে। অতীতে চিকিৎসা কিংবা অন্য কোনো প্রয়োজনে যখনই ব্যবসায়ী সমাজের কাছে গিয়েছি, তারা কখনো ফিরিয়ে দেননি। তাই এ সম্পর্ক আজীবন অটুট থাকবে বলেই আমার বিশ্বাস। তিনি বলেন, আমাদের পরিবারের সঙ্গেও বহু বছর ধরে ব্যবসার সম্পর্ক রয়েছে। নিউ মার্কেটসহ চট্টগ্রামের বিভিন্ন মার্কেটে আমাদের সম্পৃক্ততা ছিল। একসময় আমার পরিবারও ব্যবসার সঙ্গে সরাসরি যুক্ত ছিল। তাই আমি জানি, ব্যবসা কখনোই হাল ছেড়ে দেওয়ার বিষয় নয়। এটি টিকে থাকে শ্রম, ত্যাগ ও ধৈর্যের মাধ্যমে। মেয়র আশাবাদ ব্যক্ত করে বলেন, এ উদযাপন চার দশকের সাফল্যের প্রতীক। ভবিষ্যতেও এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে। মিমি সুপার মার্কেটসহ চট্টগ্রামের অন্যান্য বাজার ও ব্যবসা কেন্দ্রগুলো আরও প্রাণবন্ত হয়ে উঠবে। এতে চট্টগ্রামবাসীর চাহিদা পূরণ হবে এবং অর্থনীতিও সমৃদ্ধ হবে। এই সময় উপস্থিত ছিলেন মিমি সুপার মার্কেটের কার্যকরী পরিষদের সভাপতি জয়নাল আবেদীন, সহ-সভাপতি এ.কে.এম আব্দুল হান্নান আকবর, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আলী, কোষাধ্যক্ষ মোহাম্মদ ইসহাক, প্রচার ও দপ্তর সম্পাদক ফরহাদুল ইসলাম চৌধুরী, মেয়র মহোদয়ের ক্রীড়া প্রতিনিধি আবদুল আহাদ রিপন, সমাজ কল্যাণ সম্পাদক জিয়া উদ্দিন চৌধুরী, সাবেক সাধারণ সম্পাদক কাজল বনিক, সদস্য পিংকু পাল, মো. ফারুক হোসেন, নুরুল কবির ও দোকান মালিক ব্যবসায়ী ও কর্মচারীবৃন্দ।



চট্টগ্রাম মেডিকেল কলেজ এলামনাই রিইউনিয়নের রেজিস্ট্রেশন কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে ডা. শাহাদাত হোসেন চট্টগ্রামের স্বাস্থ্যসেবার উন্নয়নে চমেক শিক্ষার্থীদের ভূমিকা রাখতে হবে

দেশ-বিদেশে চিকিৎসাপেশায় আলো ছড়ানো চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) থেকে পাশ করা শিক্ষার্থীদের চট্টগ্রামের স্বাস্থ্যসেবার উন্নয়নে ভূমিকা রাখার আহবান জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। মঞ্জলবার দুপুরে One Pulse One Pride স্লোগানে চট্টগ্রাম মেডিকেল কলেজ ৫ম এলামনাই রিইউনিয়ন ২০২৬ এর আনুষ্ঠানিক রেজিস্ট্রেশন কার্যক্রমের প্রধান অতিথি হিসেবে শুভ উদ্বোধন করেন চট্টগ্রাম মেডিকেল কলেজের ২৬ তম প্রজন্ম চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন। মেয়র ডা. শাহাদাত বলেন, চট্টগ্রাম মেডিকেল কলেজ কেবল ডাক্তার তৈরির কারখানা নয়, এটি মানবসেবার আলোকবর্তিকা। আমাদের প্রাক্তন শিক্ষার্থীরা পৃথিবীর নানা প্রান্তে চিকিৎসা সেবায় সুনাম অর্জন করেছেন। এখন সময় এসেছে চট্টগ্রামের স্বাস্থ্যসেবার মানোন্নয়নে সকলে সম্মিলিতভাবে কাজ করার। তিনি আরও যোগ করেন, একজন চিকিৎসকের দায়িত্ব শুধু চিকিৎসা প্রদানেই সীমাবদ্ধ নয়, সমাজের প্রতি দায়বদ্ধতা রয়েছে। আমরা যদি ঐক্যবদ্ধভাবে কাজ করি, তবে চট্টগ্রামের স্বাস্থ্য খাতকে নতুন উচ্চতায় পৌঁছে দেওয়া সম্ভব। চট্টগ্রাম মেডিকেল কলেজ নিউ একাডেমিক বিল্ডিং এর নীচ তলার কনফারেন্স হলে চট্টগ্রাম মেডিকেল কলেজ প্রাক্তন ছাত্র সমিতির সভাপতি অধ্যাপক ডা. সাইফুদ্দিন মো. তারেক এর সভাপতিত্বে এবং চট্টগ্রাম মেডিকেল কলেজ শিশু স্বাস্থ্য বিভাগের সহকারী অধ্যাপক ও চমেক ৩৩ প্রজন্ম ডা. বেলায়েত হোসেন ঢালীর পরিচালনায় রেজিস্ট্রেশন কার্যক্রম অনুষ্ঠিত হয়। এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চট্টগ্রাম মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. মোহাম্মদ জসিম উদ্দিন, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ডা. মো. তসলিম উদ্দিন, উপাধ্যক্ষ অধ্যাপক ডা. আব্দুর রব এবং সাবেক অধ্যক্ষ অধ্যাপক ডা. ইমরান বিন ইউনুস। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন চট্টগ্রাম মেডিকেল কলেজ প্রাক্তন ছাত্র সমিতির মহাসচিব ডা. আশরাফুল কবীর ভূঁইয়া, কোষাধ্যক্ষ ডা. তমিজ উদ্দিন আহমেদ মানিক, বিএমএ'র সাবেক সাধারণ সম্পাদক ডা. খুরশিদ জামিল চৌধুরী, ড্যাভ চমেক শাখার সভাপতি অধ্যাপক ডা. জসিম উদ্দিন, সাবেক মহাসচিব বীর মুক্তিযোদ্ধা ডা. মিয়ান জসিম উদ্দিন, যুগ্ম মহাসচিব অধ্যাপক ডা. সৈয়দ আহমেদ, চমেক ৫ম প্রজন্ম ডা. আব্দুল মান্নান, ডা. সিতারা খানম, প্রফেসর ডা. অজয় দেব, ডা. মোহাম্মদ ইউসুফ, প্রফেসর ডা. হাসানুজ্জামান, প্রফেসর ডা. প্রণব কুমার চৌধুরী, প্রফেসর ডা. এ এস এম জাহেদ, ডা. কামরুল হক, ডা. ঙ্গসা চৌধুরী, ডা. ইমরোজ উদ্দিন, ডা. মোনায়েম ফরহাদ প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮